

NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



2024-2025 শিক্ষা বছরের জন্য 3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেনে ভর্তিতে আবেদন করুন!

প্রিয় নিউ ইয়র্কবাসী,

এটি শুধুমাত্র 2024 সালের মাত্র প্রথম, তবে আমরা ইতোমধ্যেই আসন্ন সেপ্টেম্বর এবং [আগামী শিক্ষা বছর](#) শুরু নিয়ে ভাবছি, যখন আমরা প্রায় 150,000 জন 3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেন শিক্ষার্থীকে আমাদের ক্লাসরুমগুলোতে স্বাগত জানাবো।

যেসব পরিবারে এই ক্যালেন্ডার বছরে তিন, চার, বা পাঁচ বছর বয়সী হবে এমন শিক্ষার্থী রয়েছে - আপনাদের বিবিধ পরিসরে বিকল্প রয়েছে। উদাহরণ হিসেবে কিন্ডারগার্টেন বিবেচনা করুন। প্রতিটি ডিস্ট্রিক্টে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রাম থেকে শুরু করে 12-টি ভিন্ন ভাষায় দ্বিভাষীক কর্মসূচি বা ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম অন্বেষণ করার অনেক সুযোগ রয়েছে। এই সেপ্টেম্বরে, আমরা আরবি, ম্যান্ডারিন এবং স্প্যানিশ ভাষায় ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম সহ নতুন এলিমেন্টারি স্কুলসমূহ এবং আমাদের সর্বপ্রথম মন্টেরি ডিস্ট্রিক্ট পাবলিক স্কুল উদ্বোধন করছি। আপনারা [আমাদের ওয়েবসাইট](#) থেকে এসব কিন্ডারগার্টেনের বিকল্পগুলো সম্পর্কে আরো জানতে পারেন।

আমাদের [3-K](#) এবং [প্রি-K](#) পোর্টফোলিও সমভাবে সমৃদ্ধ। আমরা ডিস্ট্রিক্ট স্কুল, কমিউনিটি ভিত্তিক সংগঠন, ফ্যামিলি চাইল্ড কেয়ার সেন্টার, এবং আরো অনেক স্থানে বিভিন্ন প্রোগ্রাম প্রদান করি। এছাড়াও, প্রি-K 12-টি ডুয়াল ল্যাঙ্গুয়েজ প্রোগ্রাম

অফার করে, এবং যোগ্য পরিবারদের উভয় এক্সটেন্ডেড ডে (দীর্ঘায়িত দিন) এবং বছরব্যাপী 3-K এবং প্রি-K প্রোগ্রামের বিকল্প রয়েছে।

NYC পাবলিক স্কুলে, আমরা পছন্দের মূল্য দেই—সেজন্যে পরিবারেরা তাদের আবেদনপত্রে সর্বোচ্চ 12-টি প্রোগ্রাম তালিকাভুক্ত করতে পারে। যেহেতু আমরা আপনার সন্তানকে আপনার শীর্ষ পছন্দে আসনদানের যথাসাধ্য চেষ্টা করি, সেহেতু আপনার প্রকৃত পছন্দের ধারাক্রমের সাথে আপনার প্রোগ্রামের তালিকার ক্রম মিলছে তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাধারণত, আমাদের কিন্ডারগার্টেনে ভর্তিতে আবেদনকারীদের প্রায় 95% তাদের ধারাক্রমের শীর্ষ তিনটি প্রোগ্রামের একটিতে আসন পেয়ে থাকে!

আগামী শিক্ষা বছরের জন্য প্রস্তুতি শুরু করার এখনই সময়। যেসব পরিবারের শিক্ষার্থীরা 3-K, প্রি-K, এবং কিন্ডারগার্টেনে প্রবেশ করছে - আমরা আপনাদেরকে আমাদের [ওয়েবসাইটে](#) আবেদন প্রক্রিয়াটি পর্যালোচনা করতে উৎসাহিত করছি। 2024-2025 শিক্ষা বছরের জন্য কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন জমা দেয়ার শেষ তারিখ 19 জানুয়ারি, এবং 3-K এবং প্রি-K-তে ভর্তির আবেদন মাত্র এই সপ্তাহের শুরুতে খোলা হয়েছে। (এই বছরের বাকি সময়ের জন্য আপনার যদি একটি আসন প্রয়োজন হয়, তবে আমাদের [ওয়েবসাইট](#) দেখুন অথবা সহায়তার জন্য একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে](#) যোগাযোগ করুন।)

আমরা, এই হেমন্তে (ফল-এ) আপনাদের ছেলেমেয়েদের স্বাগত জানানোর প্রত্যাশায় আছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যাসেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে [অনুগ্রহ করে আনসাবস্কাইব](#) করুন।